

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ


স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১০৩.২৫.০০১.২৩.৪৭

তারিখ: ২২-১০-২০২৩ খ্রি:

বিষয়: পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্ন স্বাক্ষরকারী কর্তৃক গত ২৬-০৯-২০২৩ খ্রি. তারিখে টাঙ্গাইল জেলার কালিহাতি উপজেলাধীন বল্লা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সরেজমিন পরিদর্শন করা হয়। উক্ত পরিদর্শন প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

  
২০/১০/২০২৬  
(ইশরাত জামান)  
যুগ্মসচিব  
ফোন-২২৩৩৮৭২৫২

সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:-

০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা

০২. উপসচিব (জনসংখ্যা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

✓ ০৩. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

০৪. ফাহমীন খালেদ নিপা, সহকারী পরিচালক (সংযুক্ত- এপিএ কার্যক্রম, প্রশাসন-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

০৫. প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

০৬. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ

টাঙ্গাইল জেলার কালিহাতি উপজেলাধীন বন্না ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পরিদর্শন প্রতিবেদন:

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নাম	: বন্না ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র;
উপজেলার নাম	: কালিহাতি।
জেলার নাম	: টাঙ্গাইল।
পরিদর্শনের তারিখ	: গত ২৬-০৯-২০২৩ খ্রি. তারিখ।
কর্মরত ও শূন্য জনবলের তথ্য	: উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ০১ জন, ফার্মাসিস্ট ০১ জন; পরিবার কল্যাণ পরিদর্শিকা ০১ জন; পরিবার পরিকল্পনা পরিদর্শক ০১ জন; আয়া ০১ জন; এমএলএসএস/নিরাপত্তা প্রহরী ০১ জন; পরিবার কল্যাণ সহকারী ০৪ জন কর্মরত এবং ০২টি ইউনিটে পরিবার কল্যাণ সহকারীর পদ শূন্য আছে।

টাঙ্গাইল শহর হতে বন্না ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটির দূরত্ব প্রায় ২৯ কি. মি.। পরিদর্শনকালে উপপরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাঙ্গাইল, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), কালিহাতি, টাঙ্গাইল এবং সেবা কেন্দ্রে কর্মরত সকল স্টাফ উপস্থিত ছিলেন। ২২/২৫ জন সেবা প্রত্যাশি অপেক্ষমান ছিল। কেন্দ্রটিতে প্রতিদিন ২৭/৩২ জন সাধারণ রোগী, ১৩/১৭ জন কিশোর কিশোরী, ১১/১৪ জন শিশু সেবা, ৩ জন গর্ভকালীন সেবা নিতে আসে। সেবার পরিমাণ ও গুণগত মান সন্তোষজনক।

**আর্থিক অনিয়ম থাকলে তার বিবরণ:** বন্না ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সকল রেজিস্ট্রার যথাযথভাবে প্রত্যয়ন করা আছে। এছাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সরাসরি অর্থ বরাদ্দ এবং খরচে কোন সুযোগ নাই বিধায় সেখানে আর্থিক অনিয়ম পরিলক্ষিত হয় নাই।

**প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা:** কেন্দ্রটি একতলা বিশিষ্ট বিল্ডিং। বাসভবন খুবই জরাজীর্ণ যা পরিত্যক্ত। সেবাকেন্দ্রের বাসভবনের দেয়ালের চুন-সুর্কি খোসে পরছে। বৃষ্টি হলে ছাদ দিয়ে পানি পড়ে। মেঝে সৈঁতসৈঁতে ও দেয়ালে শেওলা পড়ে গেছে। একটু বৃষ্টি হলেই পানি জমে। কেন্দ্রের সীমানা প্রাচীর নাই। পরিষ্কার-পরিচ্ছন্নতা সন্তোষজনক।

**প্রাতিষ্ঠানিক ভৌত অবকাঠামো:** কেন্দ্রের পাশ দিয়ে গ্রামীণ পাকা রাস্তা রয়েছে। তবে উক্ত সেবা কেন্দ্রটির সম্মুখভাগ নিচু। বৃষ্টি হলে সেবাকেন্দ্রের আশ পাশ হতে বৃষ্টির পানি এসে জমা হয়। মাটি ফেলে উচু করতে হবে।

**প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের অবস্থা:** কেন্দ্রটিতে প্রয়োজনীয় আসবাবপত্র রয়েছে।

**অন্যান্য সমস্যা:** সেবা কেন্দ্রের স্থাপনা ব্যতীত সম্মুখভাগের জমি নিচু। অক্টোবর/২০২৩ মাসে এমএলএসএস/নিরাপত্তা প্রহরী পদ শূন্য হবে। সেবা কেন্দ্রের সম্মুখভাগের নিচু জায়গায় স্থায়ী জনপ্রতিনিধিদের সাথে যোগাযোগ করে মাটি ভা।রাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়।

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

**সুপারিশ:** অনতিবিলম্বে সেবা কেন্দ্রটির মেরামত/সংস্কার এবং নতুন বাসভবনসহ বাউন্ডারি ওয়াল নির্মাণ প্রয়োজন। এখানে নতুন কোয়ার্টার নির্মাণ হলে সেবা প্রদানকারীগণ অবস্থানপূর্বক সার্বক্ষণিক প্রসব সেবাসহ অন্যান্য সেবা প্রদান করতে পারবে। পরিবার কল্যাণ সহকারী পদের ০২টি শূন্য ইউনিট জরুরী ভিত্তিতে পূরণের জন্য মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা যেতে পারে।

  
২৫/১০/২০২৬

(ইশরাত জামান)

যুগ্মসচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ)

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়